দৈনিক ইনকিলাব

তারিখ 16 JAN 2003
পৃষ্ঠা ... কলাম ... ৪

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সুপারিশ

দক্ষ শিক্ষা ব্যবস্থার জন্য উচ্চ শিক্ষার মানোন্নয়ন জরুরী

মুহাম্মদ যাকারিয়া ॥ একটি ফলপ্রসূ ও দক্ষ শিক্ষা ব্যবস্থার জন্য উচ্চ শিক্ষার মানোন্নয়ন অত্যন্ত জরুরী। এই লক্ষ্যে শিক্ষকদের পেশাগত মানোন্নয়নে নিয়মিত শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা এবং শিক্ষকদের জবাবদিহিতার নিশ্চয়তা বিধানের ব্যবস্থা করতে হবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (বিমক) সর্বশেষ বার্ষিক প্রতিবেদনে এ ব্যাপারে গুরুত্বারোপ করে প্রয়োজনীয় সুপারিশ পেশ করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, উচ্চ শিক্ষা সম্পর্কে নীতিনির্ধারণ ও পরিকল্পনা গ্রহণের জন্য দেশের সবক'টি বিশ্ববিদ্যালয়ের তথ্য সংবলিত এই প্রতিবেদনে বাংলাদেশের উচ্চ শিক্ষাসহ সর্বস্তরে শিক্ষার সাম্প্রতিককালে ব্যাপক সম্প্রসারণের উল্লেখ করে বলা হয়েছে যে, এসব সম্প্রসারণ উদ্দেশ্যভিত্তিক ও বাস্তবমুখী হতে হবে। রিপোর্টে সম্প্রসারণের পাশাপাশি গুণগতমান বৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করে বিশ্ববিদ্যালয়ের বিভাগসমূহের অপরিকল্পিত সম্প্রসারণ বন্ধ করতে বলা হয়েছে। সূত্র জানায়, রিপোর্টে যুগের দাবী ও চাহিদা অনুযায়ী দেশের সকল বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষার গুণগতমান ও সময়োপযোগী শিক্ষাদান পদ্ধতি, পাঠোপকরণ ও পাঠ্যসূচী প্রণীত করার ওপর গুরুত্বারোপ করে অভিমত ব্যক্ত করা হয়েছে যে, পরিকল্পিত নিবিড়

৫-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

দক্ষ শিক্ষা ব্যবস্থা

৮-এর পৃষ্ঠার পর

শিক্ষা কার্যক্রম ও প্রয়োজনীয়তা যাচাই করে দেশের মানব সম্পদকে দক্ষ করে গড়ে তোলার জন্য জাতীয় পর্যায়ে একটি সমন্বিত উচ্চ শিক্ষানীতি ও বাস্তবায়ন পদ্ধতি অন্তত আগামী এক দশকের জন্য প্রণীত হওয়া প্রয়োজন।

সূত্র জানায়, রিপোর্টে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার ক্ষেত্রে ইংরেজীর ওপর বিশেষ গুরুত্বারোপ এ. লেকচারারদের জন্য ইংরেজী ভাষা শিক্ষার প্রশিক্ষণের ব্যবস্থা নেয়ার প্রয়োজনীয়তা উল্লেখ করে বলা হয়েছে যে, গত দুই দশকে ক্যাম্পাসে উচ্চ শিক্ষার জন্য আসা শিক্ষার্থীদের মাঝে ইংরেজী ভাষা জ্ঞানের অভাব রয়েছে। ফলে বিশ্বের জ্ঞান-বিজ্ঞানের দ্রুত অগ্রগতির সাথে উচ্চ শিক্ষাদানে কর্মরত শিক্ষক বা গবেষকদের উৎকর্ষতা লাভের সুযোগও সীমিত হয়ে পড়েছে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়কে কার্যকর ভূমিকা রাখতে হবে। রিপোর্টে উচ্চ শিক্ষা কার্যক্রমের বড় উপাদান লাইব্রেরী ও ল্যাবরেটরীর মান অধিকাংশ বিশ্ববিদ্যালয়ে সন্তোষজনক নয় বলে উল্লেখ করে অভিমত ব্যক্ত করা হয় যে, গবেষণার মানোন্নয়নের জন্য ল্যাবরেটরীসমূহকে আধুনিক ও যুগোপযোগী করা জরুরী। এছাড়া শিক্ষকদের গবেষণার জন্য সুযোগ সৃষ্টি এবং গবেষণাকে প্রয়োগ ও প্রযুক্তিমুখী করার ব্যাপারে রিপোর্টে সুপারিশ করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, রিপোর্টে চিকিৎসা বিজ্ঞানসহ অন্যান্য সকল বিশ্ববিদ্যালয়ের পাঠক্রম যুগোপযোগী ও আধুনিকীকরণ করার ব্যাপারে পরামর্শ দিয়ে উচ্চ শিক্ষার মানোন্নয়নে বিশ্ববিদ্যালয়গুলোতে প্রয়োজনীয় বরাদ্দ বৃদ্ধি এবং অপ্রয়োজনীয় ব্যয় সংকোচন ও অপচয় রোধে বিশ্ববিদ্যালয়গুলোকে স্বচ্ছল করতে বলা হয়েছে। এক্ষেত্রে ছাত্র বেতন ও অন্যান্য ফি বৃদ্ধিসহ চার দফা সুপারিশ করা হয়েছে। এ প্রসঙ্গে রাজনৈতিক সিদ্ধান্ত ও ঐকমত্যের ব্যবস্থা গ্রহণ করতে হবে। রিপোর্টে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার সম্প্রসারণের ব্যাপারেও গুরুত্বারোপ করা হয়েছে বলে সূত্র উল্লেখ করে।